# জাসদ কার্যালয় থেকে সাংবাদিক নেতা আবু জাফর সূর্য আটক



ছবি: সংগৃহীত

ঢাকার গুলিস্তানের জিপিও মোড় এলাকায় জাসদের প্রধান কার্যালয় থেকে ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) একাংশের সাবেক সভাপতি আবু জাফর সূর্যকে আটক করেছে পুলিশ।

শনিবার (২৬ সেপ্টেম্বর) দুপুর আড়াইটার দিকে তাকে আটক করে আইনশৃঙ্খলা বাহিনী। পরে তাকে একটি পুলিশ ভ্যানে করে পল্টন থানায় নেওয়া হয়। পুলিশ জানিয়েছে, ওই কার্যালয় থেকে আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের বেশ কয়েকজন নেতাকর্মীকেও আটক করা হয়েছে।

জানা যায়, জাসদ কার্যালয়ে শতাধিক ব্যক্তি অবস্থান করছেন—এমন খবর ছড়িয়ে পড়ার পর সেখানে যুবদলের নেতাকর্মীরা জড়ো হন। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে ডিএমপির মতিঝিল বিভাগের ডিসি হারুন অর রশীদসহ পুলিশ সদস্যরা ঘটনাস্থলে যান। বিকেল ৪টার দিকে কার্যালয় থেকে একে একে বেশ কয়েকজনকে বের করে থানায় নেওয়া হয়।

পুলিশ জানিয়েছে, আটক ব্যক্তিদের পল্টন থানায় নিয়ে পরিচয় ও সংশ্লিষ্টতা যাচাই করা হচ্ছে। পল্টন থানার পরিদর্শক (তদন্ত) মো. শফিকুল ইসলাম বাংলা ট্রিবিউনকে বলেন, ঘটনাস্থল থেকে অনেককে থানায় আনা হয়েছে এবং তাদের জিজ্ঞাসাবাদ চলছে। যাচাই শেষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

অন্যদিকে, আবু জাফর সূর্যের ফেসবুক অ্যাকাউন্টে হাতকড়া পরা অবস্থায় একটি ছবি প্রকাশ করা হয়েছে। পোস্টে তিনি জানান, জাসদের প্রতিনিধি সভায় পেশাগত দায়িত্ব পালনের সময় তাকে অন্যদের সঙ্গে পুলিশ আটক করে নিয়ে যায়। পরে তিনি পল্টন থানায় থাকার কথাও জানান।